অবিলম্বে প্রকাশের জন্য: 8/28/2026 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ছয় জন ব্যক্তিকে ক্ষমা প্রদান করেছেন

ধারাবাহিকভাবে ক্ষমা করতে থাকার প্রতিশ্রুতি পূরণ করে চলেছেন

ক্ষমা করে দেওয়ার প্রক্রিয়া সংস্কারের জন্য গভর্নরের চেষ্টাকে অগ্রসর করে, যার মধ্যে আছে নিরপেক্ষ বিশেষজ্ঞদের নিয়ে একটি অ্যাডভাইজরি প্যানেল সমবেত করা, নিবেদিত অতিরিক্ত কর্মী রিসোর্স এবং আবেদনকারীদের সাথে যোগাযোগ বাড়ানো

দায়িত্ব গ্রহণের পর থেকে গভর্নর হোকল মোট 145টি ক্ষমা প্রদানের অনুমোদন দিয়েছেন

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে ছয় জন ব্যক্তিকে শাস্তি মওকুফ করে ক্ষমা প্রদান করেছেন। এই পদক্ষেপটি সেই ব্যক্তিদের স্বীকৃতি দেয় যারা অনুশোচনা দেখিয়েছেন, পুনর্বাসনের ক্ষেত্রে উদাহরণ হয়েছেন এবং নিজেদের ও নিজেদের কমিউনিটির উন্নয়নে প্রতিশ্রুতি দেখিয়েছেন। ক্ষমা করার প্রক্রিয়াকে জোরদার করতে প্রক্রিয়াগত সংশোধন বাস্তবায়ন করার পর, গভর্নর Hochul (হোকল) দায়িত্ব পালনের সময়কালে মোট 145 বার ক্ষমা করেছেন, যার মধ্যে 125টি শাস্তি মওকুফ এবং 20টি বিনিময় আছে।

"গভর্নর হিসেবে, আমি ক্ষমা প্রার্থনা প্রক্রিয়া সংস্কার করা এবং প্রতিটি আবেদন যথাযথভাবে পর্যালোচনা করে ব্যক্তি যেন তার মামলার পরিস্থিতি সম্পর্কে সময়মতো অবহিত হন, তা নিশ্চিত করতে অঙ্গীকারবদ্ধ," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "আজ, আমি এমন ছয় জন ব্যক্তিকে ক্ষমা করার ঘোষণা দিচ্ছি, যারা তাদের জীবনে ইতিবাচক পরিবর্তন এনেছেন এবং নিজেদের সমাজ সংস্কারে আত্মনিয়োগ করবেন — তারা তাদের পুনর্বাসনের মাধ্যমে এই দ্বিতীয় সুযোগ অর্জন করেছেন এবং এখন পুনরায় তাদের ভবিষ্যৎ গড়ে তুলতে পারবেন।"

গভর্নরের অফিস ক্ষমার প্রক্রিয়ার স্বচ্ছতা ও যোগাযোগের উন্নতির জন্য বেশ কয়েকটি পদক্ষেপ নিয়েছে। এক্সিকিউটিভ ক্লেমেন্সি ব্যুরো (Executive Clemency Bureau) একটি নতুন পলিসি বাস্তবায়ন করেছে যেখানে ক্ষমার আবেদন করা ব্যক্তিদের নিয়মিত চিঠি পাঠানো হবে, তাদেরকে তাদের কেসের অবস্থা সম্পর্কে জানানো হবে, এবং কীভাবে তাদের আবেদনের

সমর্থনে সহায়ক তথ্য জমা দেওয়া যায় সে সম্পর্কে তথ্য দেওয়া হবে। গভর্নরের অফিস এছাড়াও আবেদনের প্রক্রিয়ার ক্ষেত্রে আবেদনকারীদের সাহায্য করার জন্য একটি আপডেট করা অনলাইন ওয়েব হাব শুরু করেছে; এই হাবটিতে টেম্পলেট করা ক্ষমার আবেদনের ফর্ম থাকবে যাতে সম্ভাব্য আবেদনকারীদেরকে তাদের আবেদন করার সময় কী তথ্য অন্তর্ভুক্ত করতে হবে সে সম্পর্কে আরো ভালো গাইডেন্স দেওয়া যায়।

গভর্নর এছাড়াও ক্ষমার আবেদনের ব্যাপারে গভর্নরকে পরামর্শ দিতে সাহায্য করার জন্য নিরপেক্ষ বিশেষজ্ঞদের নিয়ে গঠিত একটি ক্লেমেন্সি অ্যাডভাইজরি প্যানেল (Clemency Advisory Panel) সমবেত করেন। ক্লেমেন্সি অ্যাডভাইজরি প্যানেলের সুপারিশ অনুযায়ী, গভর্নর Hochul (হোকল) ছয় জন ব্যক্তির শাস্তি মওকুফ করে তাদেরকে ক্ষমা প্রদান করছেন।

শাস্তি মওকুফ

আজকে যে ব্যক্তিদের ক্ষমা করা হয়েছে তারা সকলেই একটি উল্লেখযোগ্য সময় ধরে অপরাধমুক্ত জীবনযাপন করেছেন এবং তারা নিজেদের কমিউনিটিতে ভালো অবদান রেখেছেন। ক্ষমা পাওয়া সকলেই তাদের অপরাধী হিসেবে দোষী সাব্যস্ত হওয়ার কারণে মন্দভাবে প্রভাবিত হচ্ছেন যদিও তারা অনেক বছর আগে সফলভাবে তাদের শাস্তি পূরণ করেছেন। গভর্নরের ক্ষমা এই চাপ কমিয়ে আনতে সাহায্য করবে।

Sae Joon Park (সায়ে জুন পার্ক), 57, 2009 সালে দ্বিতীয় মাত্রার বেল জাম্পিং (জামিনের শর্ত ভঙ্গ) এবং 2007 সালে তৃতীয় মাত্রার নিয়ন্ত্রিত মাদকের অপরাধমূলক মালিকানার অভিযোগে দোষী সাব্যস্ত হন।

Kile Jackson (কাইল জ্যাকসন), 54, 1992 সালে নিয়ন্ত্রিত মাদক অপরাধমূলকভাবে সাথে রাখার চেষ্টায় তৃতীয় মাত্রার দোষী সাব্যস্ত হন।

Angela Walder-Tuckett (অ্যাঞ্জেলা ওয়াল্ডার-ট্যাকেট), 62, 1989 সালে পঞ্চম মাত্রার অপরাধমূলকভাবে নিয়ন্ত্রিত মাদক রাখার জন্য দোষী সাব্যস্ত হন।

Heriberto Atiles (হেরিবের্তো আতিলেস), 61, 1986 সালে তৃতীয় মাত্রার অপরাধমূলকভাবে গুলি ভরা আগ্নেয়াস্ত্র রাখার জন্য (Criminal Possession of a Loaded Firearm) দোষী সাব্যস্ত হন।

Keisy Guerrero Mariano (কেইসি গেরেরো মারিয়ানো), 38, 2015 সালে দ্বিতীয় মাত্রার শারীরিক আক্রমণের অভিযোগে দোষী সাব্যস্ত হন।

Paul Koopman (পল কুপম্যান), 62, 1995 সালে নেশাগ্রস্ত অবস্থায় গাড়ি চালানোর দায়ে দোষী সাব্যস্ত হন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন

এই গ্রুপ থেকে আনসাবস্ক্রাইব করতে এবং এর থেকে ইমেইল পাওয়া বন্ধ করতে press.release+unsubscribe@exec.ny.gov ঠিকানায় একটি ইমেইল পাঠান।